# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)

বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০৬১.০১.০০১.২২ (১২) তারিখ: ০৮ জানুয়ারি ২০২৩

বিষয়: ডিসেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভার স্থান : বাপেক্স বোর্ড রুম
তারিখ : ১৯ ডিসেম্বর ২০২২
সময় : সকাল ৯.৩০ মি.
সভাপতি : জনাব মোহাম্মদ আলী, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার সূচনা করেন। অতঃপর তিনি উপমহাব্যবস্থাপক (বোর্ড) কে আলোচ্য বিষয় অনুযায়ী আলোচনা শুরুর জন্য অনুমতি প্রদান করেন। উপমহাব্যবস্থাপক (বোর্ড) নভেম্বর, ২০২২ মাসের সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি আলোচনার জন্য সভায় উপস্থাপন করেন:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | এডিপি এর অর্থায়নে কয়েকটি কূপ খনন প্রকল্প গ্রহণ প্রসঙ্গে | এ প্রসঙ্গে মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) সভায় জানান যে, আলোচ্য দশটি কূপ খননের লক্ষ্যে তিনটি পৃথক ক্লাসটারের ভিত্তিতে ৭টি কূপ নিয়ে দুইটি প্রকল্পের ডিপিপি তৈরির কাজ সম্পন্ন করা হয়েছে এবং বাপেক্স বোর্ডের অনুমোদনের প্রেক্ষিতে সেগুলো পরবর্তী কার্যার্থে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। ৩ টি কূপ নিয়ে তৃতীয় প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে। | পেট্রোবাংলায় প্রেরিত দুইটি প্রকল্পের ডিপিপির বিষয়ে নিয়মিত যোগাযোগ রক্ষা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তৃতীয় প্রকল্পের ডিপিপি যথাশীঘ্র পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও মহাব্যবস্থাপক (ভূ-তত্ত্ব) |
| ২ | ভোল নর্থ-এর প্রসেস প্লান্ট স্থাপন | প্রকল্প ব্যবস্থাপক ফিল্ডে থাকায় উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) সভায় জানান যে, এতদসংক্রান্ত ডিপিপি বিগত ৩১ অক্টোবর অনুষ্ঠিত বোর্ড সভায় অনুমোদিত হয়েছে। সে প্রেক্ষিতে টেন্ডার করার জন্য সার্বিক প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। যেকোন সময় টেন্ডার আহবান করা যাবে। | দ্রুত দরপত্র আহবান করতে হবে। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্লান্ট) |

| | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩ | Upcoming প্রকল্পসমূহের জন্য প্রস্তুতিমূলক কার্যক্রম এগিয়ে নেয়া প্রসঙ্গে | কোম্পানীর নিকট ভবিষ্যতে যেসব প্রকল্প গ্রহণ করতে যাচ্ছে সেগুলোর প্রস্তুতিমূলক কার্যক্রম জরুরী ভিত্তিতে এগিয়ে নেয়ার অংশ হিসেবে সুন্দলপুর সাউথ, সুন্দলপুর-৪, মাদারগঞ্জ-১ ও শ্রীকাইল-৫ কূপের লোকেশন প্রদানের কাজ চলমান আছে বলে মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান। শীঘ্রই প্রকল্প এলাকা পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন পেশ করা হবে। দ্রুততর সময়ের মধ্যে ভূমি অধিগ্রহন সংক্রান্ত কাজ শুরু করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | খনন লোকেশন নির্ধারনের কাজ তরান্বিত করতে হবে। | মহাব্যবস্থাপক (ভূ-তত্ত্ব)<br>মহাব্যবস্থাপক (ভূ-পদার্থ)<br>মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৪ | অকেজো মালামাল Condemn ঘোষণার উদ্যোগ গ্রহণ সংক্রান্ত | এ প্রসঙ্গে উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) সভাকে জানান যে, সকল স্থাপনা ও ফিল্ডের সকল অব্যহারযোগ্য মালামালের তালিকা চূড়ান্ত করা হয়েছে। তালিকা অনুযায়ী মালামালসমূহের মূল্য নির্ধারণের কাজ সম্পন্ন হয়েছে। আগামী পঞ্জিকা বছরের ২য় বা ৩য় বোর্ড সভায় কার্যপত্র উপস্থাপন করা যাবে। | কাজ তরান্বিত করতে হবে। | আহবায়ক, অকেজ ঘোষনা কমিটি,<br>মহাব্যবস্থাপক (খনন)<br>উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ৫ | ১টি Drilling Rig (1500-2000 Horse Power) ক্রয় প্রসঙ্গে | এ প্রসঙ্গে উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) সভায় জানান যে, এ বিষয়ে ফিজিবিলিটি স্টাডি এবং ব্যয় প্রাক্কলনের কাজ সম্পন্ন হয়েছে। যথাশীঘ্রই বোর্ড কার্যপত্র প্রস্তুত করে উপস্থাপনের ব্যবস্থা গ্রহন করা সম্ভব হবে। | কাজ ত্বরান্বিত করতে হবে | মহাব্যবস্থাপক (পরিকল্পনা)<br>ও<br>মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ৬ | Deep Drilling কার্যক্রম গ্রহণ | শ্রীকাইল ডিপ-১ অগ্রগতি প্রসঙ্গে মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জানান যে, সংশ্লিষ্ট প্রাক্কলন প্রণয়ন ফিজিবিলিটি স্টাডি পরামর্শক নিয়োগের জন্য আরএফপি প্রস্তুতকরণ, খসড়া টেন্ডার ডকুমেন্ট এবং একটি খসড়া ডিপিপি প্রস্তুত রাখা হয়েছে। বিষয়টি এখন পেট্রোবাংলার বিবেচনাধীন রয়েছে। | পেট্রোবাংলার পরিচালক (পরিকল্পনা) মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | মহাব্যবস্থাপক (ভূ-তত্ত্ব)<br>ও<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা), |
| ৭ | APA সংক্রান্ত কার্যক্রম | এতদসংক্রান্ত আলোচনা পর্বে সভাপতি APA- এর Five Tools এর কার্যক্রমের বিষয়ে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) সভাকে জানান যে, প্রথম কোয়ার্টার এর আপডেট ইতোমধ্যেই আপলোড করা হয়েছে। কার্যসম্পাদন যথাযথ হয়েছে এবং কোন প্রকার বিচ্যুতি হয়নি। দ্বিতীয় কোয়ার্টারের কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যায়ে সভাপতির জিজ্ঞাসার জবাবে RTI এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, তথ্য অধিকার আইন-২০০৯ এর ৫ ধারা অনুসারে তথ্যের ক্যাটালগ ও ইন্ডেক্স হালনাগাদ করা হয়েছে। ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে তা আপলোড করা হবে। সভাপতি সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে যথাসময়ে কার্যসম্পাদন ও APA- এর লক্ষ্যমাত্রা অর্জনে বিশেষ সতর্ক ও দায়িত্বশীল হওয়ার নির্দেশনা প্রদান করেন। | ক) APA- এর লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে দায়িত্ব সচেতন হতে হবে। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা),<br>এপিএ কমিটি<br>ও<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ |

| | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৮ | কোম্পানীর প্রকল্পসমূহের Daily Report সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগনের দপ্তরে প্রেরণ প্রসঙ্গে। | সভাপতির সদয় অনুমতিক্রমে মহাব্যবস্থাপক (ভূপদার্থ) বলেন যে, সংশ্লিষ্ট কোম্পানীর প্রকল্পসমূহের Daily Report সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগনের দপ্তরে প্রেরণ করা হলে মহাব্যবস্থাপকগন তা অবহিত হয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে পারবেন যা প্রকল্পসমূহের কাজে সহায়ক হবে। সভাপতি এ বিষয়ে সদয় সম্মতি জ্ঞাপন করেন এবং এ সংক্রান্তে প্রয়োজনীয় দপ্তর আদেশ জারীর জন্য নির্দেশনা প্রদান করেন। | বিষয়টি নিশ্চিত করার জন্য অবিলম্বে একটি দপ্তর আদেশ জারী করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৯ | কোম্পানির কেপিআই স্থাপনা সমূহের নিরাপত্তা জোরদার করা প্রসঙ্গে | এ বিষয়ে মহ্যব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, নির্দেশনা মোতাবেক কমিটি গঠন করা হয়েছে। সভাপতি কমিটিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কোম্পানির কেপিআই স্থাপনা সমূহের নিরাপত্তা নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করেন। এ লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকার নির্দেশনা প্রদান করেন। | জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (এইচএসই) |
| ১০ | অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক কতিপয় ব্যয় স্থগিত / হ্রাসকরণ প্রসঙ্গে | এ প্রসঙ্গে সভাপতি মহোদয় বাপেক্সের সর্বস্তরে অর্থ মন্ত্রণালয়ের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী উল্লেখিত খাতসমূহের ব্যয় স্থগিত/ হ্রাস করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন। সে মোতাবেক-<br>ক) পেট্রোল অয়েল ও লুব্রিকেন্ট' ও গ্যাস ও জ্বালানি' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে।<br>খ) বিদ্যুৎ খাতে বরাদ্দাকৃত অর্থের ২৫% সাশ্রয় করতে হবে | পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে পালনের বিষয়টি নিশ্চিত করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও মহাব্যবস্থাপক(হিসাব ও অর্থ) |

আর কোন আলোচনা না থাকায় সকলের নিরাপদ ও সুস্থ্য জীবন কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ আলী)
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ (অবগতি ও কার্যার্থে):

১) মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান.........................................................................................., বাপেক্স।